



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রাণিসম্পদ অধিদপ্তর  
পশুখাদ্য বিক্রয়ের লাইসেন্স প্রাপ্তি



ম্যানুয়েল আবেদন জমাদানের পদ্ধতি

- প্রাপ্ত/সংগৃহীত আবেদন ফরম সঠিকভাবে পূরণ করে নিতে হবে।
- আবেদনের শেষে আবেদনকারীর স্বাক্ষরের স্থানে স্বাক্ষর ও তারিখ প্রদান করতে হবে।
- আবেদনের সাথে প্রয়োজনীয় প্রামাণিক কাগজপত্র সংযুক্ত করে স্থানীয় 'উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল'-এ জমা দিতে হবে।
- প্রয়োজনীয় প্রামাণিক কাগজপত্রের সত্যায়িত অনুলিপি (প্রতিটির ০৩ টি অনুলিপি):
  - ১) পাসপোর্ট সাইজ ছবি (সত্যায়িত)
  - ২) ট্রেড লাইসেন্স (সত্যায়িত অনুলিপি)
  - ৩) জাতীয়তা সনদ (সত্যায়িত অনুলিপি)
  - ৪) আয়করের প্রত্যয়ন পত্র (সত্যায়িত অনুলিপি)
  - ৫) জাতীয় পরিচয় পত্র বা স্মার্ট কার্ড (সত্যায়িত অনুলিপি)
  - ৬) আবেদন ও লাইসেন্স ফি জমাদানের চালানের মূলকপি (এবং ২ সেট সত্যায়িত অনুলিপি)
- এছাড়া জমাকৃত আবেদনের সাথে অতিরিক্ত ০২ (দুই) কপি উক্ত আবেদনের অনুলিপি জমা প্রদান করতে হবে।
- চালানের মাধ্যমে বিবিধ ফি ও ভ্যাট সরকারি কোষাগারে জমাদানের কোড:
  - (১) আবেদন ফি, লাইসেন্স ফি, নবায়ন ফি কিংবা আপিল ফি জমাদানের কোড ----- ১৪৪০৪০১১২৩৭৫৪-১৪২২১৯৯
  - (২) ফি-এর অতিরিক্ত ১৫% ভ্যাট জমাদানের কোড (শুধুমাত্র চট্টগ্রামের জন্য) ----- ১১১০২০৪১০২০১৪-১১৪১১০১

